ফাতওয়া নাম্বার:২৮৪ প্রকাশকালঃ২৯-০৯-২০২১ ইং

মসজিদ নির্মাণ কাজে আর্থিক সহায়তা করার হুকুম কী?

প্রশ্নঃ

মসজিদ নির্মাণ কাজে কিংবা কবরস্থানের দেয়াল নির্মাণ কাজে আর্থিক সহায়তা করার হুকুম কী?

প্রশ্নকারী- মুহাম্মদ মিনহাজ

উত্তরঃ

بسم الله الرحمن الرحيم

الحمد لله وكفي وسلام علي عباده الذين اصطفي أمابعد

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

إِنَّمَا يَعْمُرُ مَسَاجِدَ اللَّهِ مَنْ آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَأَقَامَ الصَّلَاةَ وَآتَى الزَّكَاةَ وَلَمْ يَخْشَ إِلَّا اللَّهَ فَعَسَى أُولَئِكَ أَنْ يَكُونُوا مِنَ الْمُهْتَدِينَ

التوبة(18)

"আল্লাহর মসজিদ তো আবাদ করবে তারা, যারা আল্লাহ ও পরকালে ঈমান এনেছে, সালাত কায়েম করে, যাকাত আদায় করে এবং আল্লাহ ছাড়া আর কাউকে ভয় করে না। এরূপ লোকদের ব্যাপারেই আশা করা যায়, তারা ঠিক পথ অবলম্বনকারীদের অন্তর্ভুক্ত হবে।" –সূরা তাওবা (৯) : ১৭-১৮।

মসজিদ নির্মাণকারীর জন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অনেক বড় সুসংবাদ দিয়েছেন।

হাদীসে এসেছে,

حدثنا يحيى بن سليمان حدثني ابن وهب أخبرني عمرو أن بكيرا حدثه أن عاصم بن عمر بن قتادة حدثه أنه سمع عبيد الله الخولاني : أنه سمع عثمان بن عفان يقول عند قول الناس فيه حين بنى مسجد الرسول صلى الله عليه و سلم إنكم أكثرتم وإني سمعت النبي صلى الله عليه و سلم يقول (من بنى مسجدا – قال بكير حسبت أنه قال – يبتغي به وجه الله بنى الله له مثله في الجنة). – صحيح البخاري (1/ 172)، رقم الحديث: 439 ، صحيح مسلم: 1217

"…যে ব্যক্তি আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে মসজিদ নির্মাণ করবে, আল্লাহ তার জন্য জান্নাতে অনুরূপ ঘর তৈরি করবেন।" - সহীহ বুখারী: ৪৫০, সহীহ মুসলিম: ১২১৮

অন্য হাদীসে এসেছে,

عن جابر بن عبد الله، أن رسول الله – صلى الله عليه وسلم – قال: "من بنى مسجدا لله كمفحص قطاة، أو أصغر، بنى الله له بيتا في الجنة" – سنن ابن ماجه ت الأرنؤوط (1/ 475)، رقم الحديث: 738، قال الشيخ شعيب الأرنؤوط رحمه الله تعالى: إسناده صحيح. اهـ

"যে ব্যক্তি আল্লাহর জন্য কাতাত পাখির ডিম দেয়ার জায়গা পরিমাণ বা তার চেয়েও ছোট্ট কোনো মসজিদ বানাবে, আল্লাহ তাআলা তার জন্যও জান্নাতে একটি ঘর বানাবেন।" -সুনানে ইবনে মাজাহ: ৭৩৮

কাতাত একটি ছোট্ট পাখি, মরুভূমিতে বাস করে। মাটিতে ছোট্ট গর্ত করে তাতে ডিম পাড়ে।

উল্লেখ্য, এত ছোট মসজিদ হয় না। উদ্দেশ্য হচ্ছে, কেউ যদি মসজিদ নির্মাণে এমন সামান্য অংশেও শরীক হয়, তাহলেও আল্লাহ তাআলা তার জন্য জান্নাতে ঘর বানাবেন। -ফাতহুল বারী: ১/৫৪৫

এমনিভাবে কবরস্থানে দেয়াল নির্মাণের প্রয়োজন পড়লে, তাতে এবং এরকম যে কোনো জনকল্যাণমূলক কাজে আর্থিক বা অন্য যে কোনো সহায়তা করাও সওয়াবের কাজ। -আরও দেখুন ফতোয়া মাহমুদিয়া: ২৩/৩৪৫

فقط والله اعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৭-০২-১৪৪৪ হি.

২৪-০৯-২০২২ ঈ.